গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২১.৮৫

তারিখ : ২৫ চৈত্র ১৪৩০ / ৮ এপ্রিল ২০২৪

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : সাম্প্রতিক অগ্নি-দুর্ঘটনায় যশোর ও কুষ্টিয়া জেলার ক্ষতিগ্রস্ত পান-কৃষকদের মাঝে ২০২৩-২৪ অর্থবছরে পুনর্বাসন কর্মসূচির আওতায় বিনামূল্যে পানের চারা (লতা কাটিং) বাবদ আর্থিক সহায়তা প্রদান কর্মসূচির নিমিত্তে অর্থ ছাড়করণ ও অগ্রিম উত্তোলণের সরকারি মঞ্জুরি আদেশ।

২০২৩-২৪ অর্থবছরে এ মন্ত্রণালয়ের বাজেটের '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের বরাদ্দকৃত ৬০০০০.০০ লক্ষ (ছয়শত কোটি) টাকার মধ্যে উপখাতসমূহে ২য় পুন:উপযোজনের পর সংশোধিত বরাদ্দ 'কোড-৩২৫১১০৯ বীজ ও চারা' উপখাতে ৩৫৩১৬.০০৫ লক্ষ (তিনশত তেপান্ন কোটি ষোল লক্ষ পাঁচশত) টাকা হতে ১৩৫.৭৬০ লক্ষ (এক কোটি পঁয়ত্রিশ লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা ও 'কোড-৩৬৩১১৯৯ অন্যান্য অনুদান' উপখাতে বরাদ্দকৃত ৭০০০.০০ লক্ষ (সত্তর কোটি) টাকা হতে ৩৩.৯৪ লক্ষ (তেত্রিশ লক্ষ চুরানব্বই হাজার) টাকা সর্বমোট ১৬৯.৭০০ লক্ষ (এক কোটি উনসত্তর লক্ষ সত্তর হাজার) টাকা খরিপ/২০২৪-২৫ মৌসুমে সাম্প্রতিক অগ্নি-দুর্ঘটনায় পান-কৃষকদের মাঝে পানের চারা (লতা কাটিং) বাবদ আর্থিক সহায়তা কর্মসূচির ০৩ নং অনুচ্ছেদের জেলাওয়ারী বিভাজন, ০৪ নং অনুচ্ছেদে সংযুক্ত 'বাস্তবায়ন পদ্ধতি' এবং ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য ০২ জেলার (যশোর ও কুষ্টিয়া) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটির অনুকূলে এতদ্বারা অর্থছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

০২। সাম্প্রতিক অগ্নি-দুর্ঘটনায় যশোর ও কুষ্টিয়া জেলার ক্ষতিগ্রস্ত পান-কৃষকদের মাঝে ২০২৩-২৪ অর্থবছরে পুনর্বাসন কর্মসূচির আওতায় জেলাভিত্তিক উপকারভোগী পান-কৃষক, চারা ও অন্যান্য ব্যয় বাবদ অর্থ বিভাজন (এক নজরে কৃষি পুনর্বাসন কর্মসূচি):

লক্ষ টাকা

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগীর ধরণ | উপকারভোগী পান-কৃষকের সংখ্যা (জন) | প্রতি অর্ধ বিঘার জন্য টাকার পরিমাণ | প্রতি উপকারভোগীর জন্য চারার (লতা কাটিং) সংখ্যা | উপকারভোগীর জন্য মোট চারার (লতা কাটিং) সংখ্যা | বীজ (লতা কাটিং) চারার মূল্য | আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | যশোর | এক বিঘা পযন্ত | ৩ | ০.৬০ | ৮০০০ | ২৪০০০ | ০.৪৮ | ০.১২ | ০.৬০ |
| | | দুই বিঘা পযন্ত | ১ | ০.৩০ | ১২০০০ | ১২০০০ | ০.২৪ | ০.০৬ | ০.৩০ |
| | উপমোট | | ৪ | ০.৯০ | | ৩২০০০ | ০.৭২ | ০.১৮ | ০.৯০ |
| ২ | কুষ্টিয়া | অর্ধ বিঘা পর্যন্ত | ২৩৪ | ২৩.৪০ | ৪০০০ | ৯৩৬০০০ | ১৮.৭২ | ৪.৬৮ | ২৩.৪০ |
| | | এক বিঘা পযন্ত | ৫৩৩ | ১০৬.৬০ | ৮০০০ | ৪২৬৪০০০ | ৮৫.২৮ | ২১.৩২ | ১০৬.৬০ |
| | | দুই বিঘা পযন্ত | ১১২ | ৩৩.৬০ | ১২০০০ | ১৩৪৪০০০ | ২৬.৮৮ | ৬.৭২ | ৩৩.৬০ |
| | | দুই বিঘার উপরে | ১৩ | ৫.২০০ | ১৬০০০ | ২০৮০০০ | ৪.১৬ | ১.০৪ | ৫.২০ |
| | উপমোট | | ৮৯২ | ১৬৮.৮০ | | ৬৭৫২০০০ | ১৩৫.০৪ | ৩৩.৭৬ | ১৬৮.৮০ |
| মোট | | | ৮৯৬ | ১৬৯.৭০ | | ৬৭৮৪০০০ | ১৩৫.৭৬ | ৩৩.৯৪ | ১৬৯.৭০ |

* প্রতি অর্ধ বিঘার জন্য পানের চারা (লতা কাটিং) সংখ্যা= ৪০০০টি;
* প্রতিটি চারার মূল্য ২.০০ টাকা ধরা হয়েছে;
* আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত (অবকাঠামো+রোপন+পরিচর্যা) ব্যয় = ২০০০.০০ টাকা/অর্ধ বিঘা;
* পানের চারা (লতা কাটিং) ও অন্যান্য ব্যয় বাবদ যশোর ও কুষ্টিয়া জেলার ৮৯৬ জন পান-কৃষককে (কৃষকের জমির পরিমাণ অনুযায়ীঃ প্রতি অর্ধ বিঘা পর্যন্ত ১০,০০০ টাকা, ১ বিঘা পর্যন্ত ২০,০০০ টাকা, ২ বিঘা পর্যন্ত ৩০,০০০ টাকা ও ২ বিঘার উর্ধ্বে ৪০,০০০ টাকা) অর্থাৎ মোট ১৬৯.৭০০ লক্ষ (এক কোটি উনসত্তর লক্ষ সত্তর হাজার) টাকার আর্থিক সহায়তা কর্মসূচি।

৩। ২০২৩-২৪ অর্থবছরে খরিপ/২০২৪-২৫ মৌসুমে পানের চারা (লতা কাটিং) ব্যবহারের মাধ্যমে পান উৎপাদন বৃদ্ধির জন্য পানের চারা বাবদ আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদান পুনর্বাসন কর্মসূচির কোডভিত্তিক অর্থ বিভাজন নিম্নরূপ:

| ক্র: নং | জেলার নাম | উপকারভোগী কৃষকের সংখ্যা (জন) | উপকরণের ব্যয় (লক্ষ টাকা) | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|
| | | | কোড নং- ৩২৫১১০৯ (বীজ ও চারা) | কোড নং ৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান (আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত ব্যয়) | |
| ১ | যশোর | ৪ | ০.৭২০ | ০.১৮০ | ০.৯০০ |
| ২ | কুষ্টিয়া | ৮৯২ | ১৩৫.০৪০ | ৩৩.৭৬০ | ১৬৮.৮০০ |
| মোট | | ৮৯৬ | ১৩৫.৭৬০ | ৩৩.৯৪০ | ১৬৯.৭০০ |

০৪। '২০২৩-২৪ অর্থবছরে খরিপ/২০২৪-২৫ মৌসুমে কৃষকদের মাঝে পান উৎপাদন বৃদ্ধির জন্য পানের চারা বাবদ আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদান পুনর্বাসন কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি' ও 'কৃষক তথ্য ছক' মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

০৫। পুনর্বাসন কর্মসূচির বাস্তবায়ন এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;

২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ক্ষতিগ্রস্থ পান-কৃষকদের জমির পরিমাণ অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজন করবেন। অর্থাৎ অনুমোদিত তালিকাভুক্ত প্রতি কৃষক 'বীজ ও চারা' উপখাতের বরাদ্দ হতে প্রতি অর্ধ বিঘা জমির জন্য ৪০০০টি পানের চারা (লতা কাটিং) ক্রয়ের সহায়তা হিসেবে ৮০০০.০০ টাকা এবং আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত উপখাতের বরাদ্দ হতে প্রতি কৃষককে পান বরজের অবকাঠামো তৈরি, পানের লতা কাটিং রোপন ও পরিচর্যা বাবদ জমির পরিমাণ অনুযায়ী প্রতি অর্ধ বিঘা জমির জন্য ২০০০.০০ টাকা প্রদান করা হবে। এক্ষেত্রে কৃষকের জমির পরিমাণ অনুযায়ীঃ প্রতি অর্ধ বিঘা পর্যন্ত ১০,০০০ টাকা, ১ বিঘা পর্যন্ত ২০,০০০ টাকা, ২ বিঘা পর্যন্ত ৩০,০০০ টাকা ও ২ বিঘার উর্ধ্বে ৪০,০০০ টাকা করে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

৪. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরিখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

৫. উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে পান চাষীদের তালিকা অনুযায়ী ইউনিয়নভিত্তিক বিভাজন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিতভাবে ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৬. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৭. অনুমোদিত তালিকাভুক্ত প্রতি কৃষককে জমির পরিমাণ অনুযায়ী পানের চারা (লতা কাটিং) রোপনের জন্য পুনর্বাসন সহায়তা প্রদান করা যাবে;

৮. বীজ ও চারা খাতের বরাদ্দ হতে পানের চারা (লতা কাটিং) এবং আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত খাতের বরাদ্দ হতে অবকাঠামো তৈরি, পানের লতা কাটিং রোপন ও পরিচর্যা বাবদ টাকা প্রত্যেক ক্ষতিগ্রস্থ কৃষককে তাদের ব্যাংক একাউন্ট অথবা নগদ/বিকাশ/রকেট একাউন্টের মাধ্যমে প্রদান করে মাস্টাররোল সংরক্ষণ করতে হবে;

৯. উপকরণ বিতরণে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত এসএএওগণ কারিগরি সহায়তা প্রদান করবেন;

১০. এ কর্মসূচির সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না;

১১. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি পুনর্বাসনের জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এবং এর ০১ (এক) কপি ০২ জেলার (যশোর ও কুষ্টিয়া) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১২. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক সরকারি ই-মেইলের মাধ্যমে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail-admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) ও উপকরণ-২ শাখা, কৃষি মন্ত্রণালয় (E-mail-input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ০২ জেলার (যশোর ও কুষ্টিয়া) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৩. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।

আপনার বিশ্বস্ত,

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২১.৮৫ — তারিখ : ২৫ চৈত্র ১৪৩০ / ৮ এপ্রিল ২০২৪

অত্র আদেশের ০৪ (চার) কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-moa.input2@gmail.com

নং-০৭.০০.০০০০.১২০.১৬.১১৪.২৩. — তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অত্র আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

তারিখ : ২৫ চৈত্র ১৪৩০ / ৮ এপ্রিল ২০২৪

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০৭.২১.৮৫

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। (বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিতকরণের অনুরোধসহ)
৫. অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, যশোর/কুষ্টিয়া।
৭. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি, যশোর/কুষ্টিয়া।
১২. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৩. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, যশোর/কুষ্টিয়া। (জি.ও.-এর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ পুনর্বাসন কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)
১৪. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) (জি.ও.-র বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের জন্য)।
১৫. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. অফিসকপি।

০৮/০৪/২০২৪

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
**www.moa.gov.bd**

‘২০২৩-২৪ অর্থবছরে খরিপ/২০২৪-২৫ মৌসুমে কৃষকদের মাঝে পান উৎপাদন বৃদ্ধির জন্য পানের চারা বাবদ আর্থিক ও অন্যান্য সহায়তা প্রদান পুনর্বাসন কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি’

**কর্মসূচির উদ্দেশ্য**

১. ক্ষতিগ্রস্থ কৃষকদের পাশে সরকারি সহায়তা দিয়ে পানের আবাদ চলমান রাখতে পানচাষীদের উৎসাহিতকরণ ও উৎপাদন বৃদ্ধিকরণ;
২. পান উৎপাদনে আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহার সম্পর্কে পানচাষীদের উদ্বুদ্ধ করা;
৩. পান আবাদ বৃদ্ধি ও রপ্তানির মাধ্যমে কৃষকের আয় বৃদ্ধি করা।

**কর্মসূচির যৌক্তিকতা**

সাম্প্রতিক সময়ে যশোর ও কুষ্টিয়া জেলার তিনটি উপজেলায় অগ্নি-দুর্ঘটনায় পানের বরজ পুড়ে যাওয়ায় যে সকল কৃষক প্রচুর আর্থিক ক্ষতির সম্মুখীন হয়েছেন তাদের অধিকাংশই এ ফসল বিক্রির আয়ের উপর নির্ভরশীল। এছাড়া পান বরজের পরিচর্যা এবং পান সংগ্রহন্তোর কার্যক্রমে অনেক নিম্ন আয়ের লোকজনও কাজ করে থাকেন, যাদের অনেকেরই আয়ের একমাত্র উৎস এসকল পান বরজ। এসকল পান বরজ থেকে উৎপাদিত পান দেশের অভ্যন্তরে বাজারজাতরণ ছাড়াও বিদেশে রপ্তানি হয়ে থাকে। সুতরাং, পুড়ে যাওয়া পান বরজগুলোকে আবারও উৎপাদনশীল করে তোলার ক্ষেত্রে কৃষি পুনর্বাসন কর্মসূচি গ্রহণের মাধ্যমে যদি ক্ষতিগ্রস্থ পানচাষীদের কিছুটা হলেও আর্থিক সহায়তা করা যায়, তাহলে দেশজ পান উৎপাদন কার্যক্রম ঠিক রাখার পাশাপাশি পান রপ্তানিতেও তা অবদান রাখতে পারবে।

**বাস্তবায়ন পদ্ধতি**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA’ ২০০৬ ও PPR’ ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;
২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি ক্ষতিগ্রস্থ পান-কৃষকদের জমির পরিমাণ অনুযায়ী লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজন করবেন। অর্থাৎ অনুমোদিত তালিকাভুক্ত প্রতি কৃষক ‘বীজ ও চারা’ উপখাতের বরাদ্দ হতে প্রতি অর্ধ বিঘা জমির জন্য ৪০০০টি পানের চারা (লতা কাটিং) ক্রয়ের সহায়তা হিসেবে ৮০০০.০০ টাকা এবং আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত উপখাতের বরাদ্দ হতে প্রতি কৃষককে পান বরজের অবকাঠামো তৈরি, পানের লতা কাটিং রোপন ও পরিচর্যা বাবদ জমির পরিমাণ অনুযায়ী প্রতি অর্ধ বিঘা জমির জন্য ২০০০.০০ টাকা প্রদান করা হবে। এক্ষেত্রে কৃষকের জমির পরিমাণ অনুযায়ীঃ প্রতি অর্ধ বিঘা পর্যন্ত ১০,০০০ টাকা, ১ বিঘা পর্যন্ত ২০,০০০ টাকা, ২ বিঘা পর্যন্ত ৩০,০০০ টাকা ও ২ বিঘার উর্ধ্বে ৪০,০০০ টাকা করে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;
৪. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরিখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;
৫. উপজেলাওয়ারী বিভাজনের পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করে পান চাষীদের তালিকা অনুযায়ী ইউনিয়নভিত্তিক বিভাজন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর ‘কৃষক তথ্য ছক’ পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) প্রেরণ করবে। পরবর্তীতে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিতভাবে ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;
৬. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;
৭. অনুমোদিত তালিকাভুক্ত প্রতি কৃষককে জমির পরিমাণ অনুযায়ী পানের চারা (লতা কাটিং) রোপনের জন্য পুনর্বাসন সহায়তা প্রদান করা যাবে;

৮. বীজ ও চারা খাতের বরাদ্দ হতে পানের চারা (লতা কাটিং) এবং আনুষঙ্গিক ও অপ্রত্যাশিত খাতের বরাদ্দ হতে অবকাঠামো তৈরি, পানের লতা কাটিং রোপন ও পরিচর্যা বাবদ টাকা প্রত্যেক ক্ষতিগ্রস্থ কৃষককে তাদের ব্যাংক একাউন্ট অথবা নগদ/বিকাশ/রকেট একাউন্টের মাধ্যমে প্রদান করে মাস্টাররোল সংরক্ষণ করতে হবে;

৯. উপকরণ বিতরণে সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত এসএএওগণ কারিগরি সহায়তা প্রদান করবেন;

১০. এ কর্মসূচির সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না;

১১. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি পুনর্বাসনের জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এবং এর ০১ (এক) কপি ০২ জেলার (যশোর ও কুষ্টিয়া) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১২. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **সরকারি ই-মেইলের মাধ্যমে** পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail-admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) ও উপকরণ-২ শাখা, কৃষি মন্ত্রণালয় (E-mail-input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ০২ জেলার (যশোর ও কুষ্টিয়া) জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৩. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে।

04/08/2024

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
কৃষি মন্ত্রণালয়

**(পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের মাধ্যমে E-mail-(admonitoring@dae.gov.bd/input2@moa.gov.bd/ moa.input2 @gmail.com-এ প্রেরণ করতে হবে সে ক্ষেত্রে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলা ও উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত অর্থের পরিমাণ (টাকা) | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |